স্বতন্ত্র অডিটর প্রতিবেদন
এবং
নিরীক্ষিত আর্থিক বিবরণী

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

৩০শে জুন, ২০২৩ অর্থ বছর শেষ

## কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
## আর্থিক বিবরণীসমূহ নিরীক্ষা প্রতিবেদন
## ৩০ শে জুন ২০২৩ সমাপ্ত বছরের জন্য

### মতামত

আমরা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ৩০ শে জুন ২০২৩ সমাপ্ত বছরের আর্থিক বিবরণী নিরীক্ষা সম্পন্ন করেছি যার মধ্যে অন্তভূর্ক্ত আছে আর্থিক অবস্থার বিবরণী, আর্থিক আয়-ব্যয় বিবরনী এবং উক্ত সমাপ্ত বছরের নগদ প্রাপ্তি-প্রদান হিসাব বিবরনী ও গুরুত্বপূর্ণ হিসাব নীতি ও প্রয়োজনীয় ব্যাখ্যা সমূহ। আমাদের মতে, এই প্রতিবেদনে সংযুক্ত ৩০ শে জুন ২০২৩ সমাপ্ত বছরের বিবনীর আর্থিক অবস্থার বিবরনী, আয়-ব্যয় হিসাব ও তহবিল প্রবাহের বিবরনী আন্তজার্তিক হিসাব ও অন্যান্য মান অনুসারে যথাযথ ভাবে প্রদর্শন করা হয়েছে।

### মতামতের ভিত্তি

আমরা আন্তর্জাতিক নিরীক্ষা বিধিসমূহ (আই.এস.এ.) অনুযায়ী আমাদের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করেছি। আমাদের প্রতিবেদনের আর্থিক বিবরণীরসমূহের নিরীক্ষা বিষয়ক নিরীক্ষকের দায়িত্বসমূহ শীর্ষক অংশে উক্ত বিধিসমূহের আওতায় আমাদের দায়িত্বসমূহ বর্ণিত হয়েছে। পেশাদার এ্যাকাউন্ট্যান্টস এর জন্য প্রণীত এ্যাকাউন্ট্যান্টস কোড অব ইথিকস ( আই.ই.এস.বি.এ. কোড) সংক্রান্ত ইন্টারন্যাশনাল ইথিকস স্ট্যান্ডর্ডস বোর্ড অনুযায়ী আমরা প্রতিষ্ঠান হতে স্বাধীন এবং আইইএসবিএ কোড অনুযায়ী আমরা অন্যান্য নৈতিক দায়িত্বসমূহ পালন করেছি। আমরা বিশ্বাস করি যে, আমরা নিরীক্ষা সংক্রান্ত যেসব তথ্য প্রমাণাদি লাভ করেছি তা আমাদের মতামতের ভিত্তি তৈরির জন্য পর্যাপ্ত ও যথাযথ।

### আর্থিক বিবরণীসমূহের ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্বসমূহ

ইন্টারন্যাশনাল ফিন্যানশিয়াল রিপোটিং স্ট্যান্ডার্ডস (আইএফআরএস) অনুযায়ী উক্ত আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণ যা একটি সত্য এবং ন্যায্য দৃষ্টিভঙ্গি উপস্থাপন করে ও এই বিবরণীসমূহের সুষ্ঠ উপস্থাপনার পাশাপাশি অসততা, গুরুতর মিথ্যা বিবরণ হতে মুক্ত বা ভুলের কারণে সৃষ্ট আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতের অনুকূলে এমন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ যা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রয়োজনীয় বলে মনে করেন, তা বজায় রাখার দায়িত্ব ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তায়। আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি চলমান প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম অব্যাহত রাখার ক্ষেত্রে প্রতিষ্ঠানের সামর্থ্য মূল্যায়নের ব্যাপারে দায়বদ্ধ থাকেন এবং এক্ষেত্রে কর্তৃপক্ষ যেখানে প্রযোজ্য, সেসব বিষয় প্রকাশ করেন যেগুলো চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত এবং চলমান প্রতিষ্ঠান উপযোগী হিসাবরক্ষণ কার্যক্রমের উপর ভিত্তি করে প্রস্তুত হয়েছে; যদি না এ ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের সম্পদ নগদ অর্থে রুপান্তর করে ফেলেন অথবা কার্যক্রম বন্ধ করে দিয়ে থাকেন অথবা এই ধরনের পদক্ষেপ গ্রহণ ব্যতীত অন্য কোন বাস্তব সম্মত বিকল্প খুঁজে না পান।

### আর্থিক বিবরণীসমূহের নিরীক্ষা সংক্রান্ত নিরীক্ষকের দায়িত্বসমূহ

সার্বিকভাবে আর্থিক বিবরণীসমূহ অসততা বা ভুলের কারণে সৃষ্ট গুরুতর অসত্য বিবরণ হতে মুক্ত কিনা সেব্যাপারে যুক্তিসঙ্গত নিশ্চয়তা প্রাপ্তির পাশাপাশি আমাদের মতামত তুলে ধরে এমন একটি নিরীক্ষকের প্রতিবেদন উপস্থাপন করা আমাদের উদ্দেশ্য। যুক্তিসঙ্গত নিশ্চয়তা একটি উচ্চ পর্যায়ের নিশ্চয়তা, কিন্তু এটি এই মর্মে কোন নিশ্চয়তা প্রদান করে না যে, নিরীক্ষা বিষয়ক আন্তজার্তিক বিধিসমূহ( আইএসএ) কোন গুরুতর অসত্য বিবরণ থাকলে তা সবসময় চিহ্নিত করবে। অসত্য বিবরণীসমূহ অসততা বা ভুল হতে উদ্ভূত হতে পারে এবং এসব বিবরণ তখনই গুরুতর হিসেবে বিবেচিত হয় যখন একক বা সমষ্টিগতভাবে এসব আর্থিক বিবরণীর উপর ভিত্তি করে ব্যবহারকারীগণ কর্তৃক গৃহীত বিভিন্ন অর্থনৈতিক সিদ্ধান্তকে এগুলো প্রভাবিত করবে বলে ধারণা করা হয়। নিরীক্ষা বিষয়ক আন্তজার্তিক বিধিসমূহ(আইএসএ) অনুযায়ী পরিচালিত নিরীক্ষার অংশ হিসেব আমরা পুরো নিরীক্ষা ব্যাপী পেশাদার বিচার বিবেচনা কাজে লাগানোর পাশাপাশি পেশাদার অনিশ্চিত ধারনা বজায় রেখেছি। পাশাপাশি আমরা:

- আর্থিক বিবরণীসমূহ অসততা বা ভুল হতে সৃষ্ট গুরুতর অসত্য বিবরণের উপস্থিতিজনিত ঝুঁকিসমূহ চিহ্নিত ও মূল্যায়ন করার পাশাপাশি উক্ত ঝুঁকিসমূহ মোকাবেলার লক্ষে বিভিন্ন নিরীক্ষা প্রক্রিয়া পরিকল্পনা ও সম্পাদনা করি এবং আমাদের মতামতের ভিত্তি তৈরির অনুকূল পর্যাপ্ত ও যথাযথ নিরীক্ষা প্রমাণাদি সংগ্রহ করি। ভুলের কারণে সৃষ্ট অসত্য বিবরণ অপেক্ষা অসততাজনিত গুরুতর অসত্য বিবরণ চিহ্নিত না করার ঝুঁকি বেশি,কারণ অসততার পেছনে থাকতে পারে গোপন প্রতারণা, ইচ্ছাকৃত কোন তথ্য বাদ দেয়া, ভুল তথ্য উপস্থাপন করা অথবা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ উপেক্ষা করা।
- পরিস্থিতি বিচারে যথাযথ নিরীক্ষা প্রক্রিয়াসমূহ নির্ধারণ করার লক্ষে নিরীক্ষা সংক্রান্ত অভ্যন্তরীন নিয়ন্ত্রণ সম্বন্ধে সম্যক ধারণা অর্জন করি কিন্তু প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের কার্যকারিতা সম্পর্কে মতামত প্রকাশের উদ্দেশ্যে নয়।
- এ্যাকাউন্টিং এর সাপেক্ষ চলমান প্রতিষ্ঠান গোয়িং কনসার্ন সংক্রান্ত ভিত্তিকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক কাজে লাগানোর যথার্থতার পাশাপাশি, গোয়িং কনসার্ন হিসেবে প্রতিষ্ঠানের সামর্থ্য অব্যাহত থাকার বিষয়ে বড় ধরনের সন্দেহ সৃষ্টি হতে পারে এমন বিভিন্ন ঘটনা বা অবস্থার সম্পর্কিত কোন গুরুতর অনিশ্চয়তা রয়েছে কিনা তা বিবেচনায় রেখে প্রাপ্ত নিরীক্ষা বিষয়ক তথ্য-প্রমাণাদির ভিত্তিতে এ সংক্রান্ত উপসংহারে পৌছি যে, বড় ধরনের অনিশ্চয়তা রয়েছে, সেক্ষেত্রে আর্থিক বিবরণীতে এ সম্পির্কিত তথ্য প্রকাশের বিষয়টি আমাদের নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখ করতে হয়, অথবা যদি এ ধরনের তথ্য প্রকাশ অপর্যাপ্ত হয়, সেক্ষেত্রে আমাদের মতামত পরিবর্তন করতে হয়। আমাদের নিরীক্ষা প্রতিবেদন প্রকাশের তারিখ অবধিপ্রাপ্ত নিরীক্ষা বিষয়ক তথ্য প্রমাণাদির ভিত্তিতে আমাদের উপসংহার রচিত হয়। অবশ্য, ভবিষ্যত ঘটনাবলী বা অবস্থাসমূহের প্রভাবে প্রতিষ্ঠান 'গোয়িং কনসার্ন' হিসেবে অব্যাহত থাকার পথ রুদ্ধ হয়ে যেতে পারে।
- তথ্য প্রকাশ এবং আর্থিক বিবরণীসমূহ এমনভাবে অদৃশ্যমান অথচ গুরুত্বপূর্ণ ট্রানজেকশন ও ঘটনাসমূহ তুলে ধরে যাতে একটি সুষ্ঠ উপস্থাপনা নিশ্চিত করা যায় সে বিষয়টি বিবেচনায় আনাসহ আর্থিক বিবরণীসমূহের সার্বিক উপস্থাপনা, কাঠামো ও বিষয়বস্তু মূল্যায়ন করে থাকি।

- সংহত আর্থিক বিবরনীগুলোর উপর মতামত প্রকাশ করার জন্য গ্রুপের মধ্যে সত্ত্বা বা ব্যবসায়িক ক্রিয়াকলাপের আর্থিক তথ্য সম্পর্কিত পর্যাপ্ত উপযুক্ত অডিট প্রমাণ পান। আমরা গ্রুপ অডিটের দিকনির্দেশ, তত্ত্বাবধান এবং কর্মক্ষমতা জন্য দায়ী। আমরা আমাদের অডিট মতামতের জন্য একমাত্র দায়বদ্ধ।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় কোন ধরনে ঘাটতিসহ অন্যান্য বিভিন্ন বিষয়ের মধ্যে নিরীক্ষার পরিকল্পিত পরিধি ও সময় এবং নিরীক্ষায় প্রাপ্ত গুরুত্বপূর্ণ তথ্যাদির বিষয়ে পরিচলনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের সাথে এ সংক্রান্ত বিষয়ে ও যোগাযোগ করি।

আমাদের কাজের স্বাধীনতা সংক্রান্ত নৈতিক শর্তাবলী যে আমরা পরিপালন করেছি সে সম্পর্কিত একটি বিবৃতি আমরা পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গের নিকট উপস্থাপন করি। এছাড়া আমাদের দায়িত্ব পালনের স্বাধীনতার উপর প্রভাব রাখে বলে যুক্তিসঙ্গতভাবে মনে হতে পারে এমনসব সম্পর্ক ও অন্যান্য বিষয়াদি এবং সেখানে প্রযোজ্য, এ সংক্রান্ত প্রয়োজনীয় সুরুক্ষামূলক ব্যবস্থা বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি উক্ত বিবৃতিতে উল্লেখ করা হয় যা প্রযোজ্য হুমকি বা সুরক্ষা দূর করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়।

পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গের নিকট উপস্থাপিত বিষয়গুলো হতে আমরা ঐসব বিষয় নির্ধারণ করি যেগুলো আলোচ্য বছরের কনসলিডেটেড আর্থিক বিবরণীসমূহের নিরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ বিধায় গুরুত্বপূর্ণ নিরীক্ষা বিষয় হিসেবে বিবেচ্য। আমরা আমাদের নিরীক্ষা প্রতিবেদনে উক্ত বিষয়সমূহ বর্ণনা করি, যদি না সংশ্লিষ্ট কোন আইন বা বিধি মোতাবেক এ বিষয়ে তথ্য প্রকাশের উপর নিষেধাজ্ঞা বজায় থাকে এবং অত্যান্ত বিরল পরিস্থিতিতে যখন আমরা এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করি যে, উক্ত বিষয়টি আমাদের প্রতিবেদনে উল্লেখ করা সমীচিন নয়, কারণ এই ধরনে তথ্য প্রকাশের কারণ জনস্বার্থের জন্য সুফল অপেক্ষা বিরুপ ফলাফল বেশি হবে বলে মনে করার যুক্তিসঙ্গত কারণ রয়েছে।

**প্রযোজ্য অন্যান্য আইন ও বিধি মোতাবেক প্রতিবেদন**

কোম্পানি আইন ১৯৯৪, ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডস অন অডিটিং নীতি এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ আইন, ২০২০ অনুযায়ী আমরা আরো উল্লেখ করছি যে:

ক. আমাদের সর্বোচ্চ জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী আমাদের নিরীক্ষাকার্যের জন্যে যে সমস্থ তথ্যাদি ও ব্যাখ্যাসমূহ আবশ্যক ছিল, আমরা সেগুলো পুরোপুরি পেয়েছি এবং সেগুলোর সত্যতা যাচাই করে দেখেছি।

খ. আমাদের মতে, আইন অনুযায়ী যে সমস্থ প্রয়োজনীয় হিসাবরক্ষক কার্যে ব্যবহৃত বই কোম্পানির থাকা আবশ্যক, আমাদের পরীক্ষায় দেখা গিয়েছে যে, সেগুলোর সবই প্রতিষ্ঠান রয়েছে।

গ. আর্থিক অবস্থার বিবরণ এবং আয়- ব্যয় হিসাব যা প্রতিবেদনের সাথে সম্পর্কিত অ্যাকাউন্ট এবং রিটার্নের বইয়ের সাথে একমত।

তারিখ : জুন ২৪, ২০২৪

ঢাকা

ঢালী তানভীর আহমেদ সিদ্দিকী, এফসিএ
পার্টনার
আহাম্মেদ হক সিদ্দিকী এন্ড কোং
চার্টার্ড একাউন্টেন্ট
ডিভিসি- ২৪০৯০৪১৩৯১এস৯১২৭১১

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
## কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার
## আর্থিক অবস্থার বিবরণী
## ৩০শে জুন, ২০২৩ অর্থ বছর শেষ

মোট পরিমান (টাকা)

| বিবরণ | নোট নম্বর | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|---|
| **সম্পত্তি** | | ১০২,২৫২,১৭০ | ১১৬,৩৩৭,৭২০ |
| স্থায়ী সম্পত্তি (অনুসূচী-১ অনুযায়ী) | ৩.০০ | ১০২,২৫২,১৭০ | ১১৬,৩৩৭,৭২০ |
| **চলতি সম্পদঃ** | | ১৬৬,৩৮২,২৩৪ | ১৭৪,৭০১,৫১৫ |
| অনাদায়ী পাওনা (ব্যাংক সুদ/ মুনাফা) | ৪.০০ | ১৮২,৩৪১ | ১৮২,৩৪১ |
| প্রকল্প খাতে ঋণ প্রদান | ৫.০০ | ২,১৭৪,৬৩০ | ২,১৭৪,৬৩০ |
| **নগদ তহবিল ও ব্যাংক জমার উদ্বৃত্তঃ** | | ১৬৪,০২৫,২৬৩ | ১৭২,৩৪৪,৫৪৪ |
| সাধারন নগদ তহবিল ও ব্যাংক জমার উদ্বৃত্ত | ৬.০০ | ১০,৮৯৪,৩৩৭ | ১৭২,৩৪৪,৫৪৪ |
| নিরাপত্তা জামানতের বিপরীতে ব্যাংক জমার উদ্বৃত্ত | ৭.০০ | ১৫৩,১৩০,৯২৬ | - |
| **মোট সম্পত্তি** | | ২৬৮,৬৩৪,৪০৪ | ২৯১,০৩৯,২৩৫ |
| **তহবিল উদ্বৃত্ত ও দায়** | | | |
| স্থায়ী সম্পত্তি তহবিল | ৩.০০ | ১০২,২৫২,১৭০ | ১১৬,৩৩৭,৭২০ |
| অনাদায়ী পাওনা তহবিল | ৪.০০ | ১৮২,৩৪১ | ১৮২,৩৪১ |
| ঋণ তহবিল | ৫.০০ | ২,১৭৪,৬৩০ | ২,১৭৪,৬৩০ |
| নিজস্ব তহবিল | ৮.০০ | ১৩,৮৭৬,৬৮৬ | ১৭,৬৫৩,৪৪৬ |
| বহিঃদায় | ৯.০০ | ৯৮৭,৯৪২ | ১,৪৫৯,০২৫ |
| জামানত (টেণ্ডার নিরাপত্তা জামানত) | ১০.০০ | ১৪৯,১৬০,৬৩৬ | ১৫৩,২৩২,০৭৩ |
| **মোট তহবিল উদ্বৃত্ত ও দায়** | | ২৬৮,৬৩৪,৪০৪ | ২৯১,০৩৯,২৩৫ |

সদস্য ( প্রশাসন ও অর্থ )
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

চেয়ারম্যান
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

ঢালী তানভীর আহমেদ সিদ্দিকী, এফসিএ
পার্টনার
আহাম্মেদ হক সিদ্দিকী এন্ড কোং
চার্টার্ড একাউন্টেন্ট
ডিভিসি-২৪০৯০৪১৩৯১এস৯১২৭১১

তারিখ : জুন ২৪, ২০২৪
ঢাকা

Ahmmed Hoq Siddiqui & Co. Chartered Accountants AHS

**কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ**
**কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার**
**আয়- ব্যয় হিসাব**
**৩০ শে জুন, ২০২৩ সমাপ্ত বছরের জন্য**

মোট পরিমান (টাকা)

| বিবরণ | নোট নম্বর | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|---|
| আয় সমূহঃ | | | |
| মূলধন জাতীয় আয় (অনুসূচী-১ অনুযায়ী) | | ১৪,৬৪৭,২৭১ | ১৬,৭৯২,২০১ |
| মুনাফা জাতীয় আয় | ১১.০০ | ৬৪,৫৯৫,১৯৪ | ৪৬,০৩৭,০৫৮ |
| অন্যান্য আয় | ১৮.০০ | ১,১১৮,৪৯৩ | ১১,৮৮৬,২৮৯ |
| মোট আয় | | ৬৫,৭১৩,৬৮৭ | ৫৭,৯২৩,৩৪৭ |
| ব্যয় সমূহ | | | |
| নগদ বহির্ভূত ব্যয় অবচয় (অনুসূচী-১ অনুযায়ী) | | ১৪,৬৪৭,২৭১ | ১৬,৭৯২,২০১ |
| বেতন | ১৪.০০ | ৫,৭২২,৮৮৬ | ৪,২৩২,৮০০ |
| ভাতা ব্যয় | ১৫.০০ | ৪,৮৬৭,৯৮৩ | ৩,৮৪৫,৫৫৬ |
| পণ্য ও সেবা সংক্রান্ত ব্যয় | ১৬.০০ | ৪০,৫১১,৫৮৮ | ৩৭,৯৫৮,৭০২ |
| ভৌত ও অবকাঠামোগত ব্যয় | ১৭.০০ | ১৩,৪৯২,৭৩৭ | - |
| অন্যান্য প্রদান | ১৮.০০ | ১,১১৮,৪৯৩ | ১১,৮৮৬,২৮৯ |
| মোট ব্যয় | | ৬৫,৭১৩,৬৮৭ | ৫৭,৯২৩,৩৪৭ |

সদস্য ( প্রশাসন ও অর্থ )
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

চেয়ারম্যান
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

ঢালী তানভীর আহমেদ সিদ্দিকী, এফসিএ
পার্টনার
আহাম্মেদ হক সিদ্দিকী এন্ড কোং
চার্টার্ড একাউন্টেন্ট
ডিভিসি-২৪০৯০৪১৩৯১এস৯১২৭১১

তারিখ : জুন ২৪, ২০২৪
ঢাকা

Ahmmed Hoq Siddiqui & Co. AHS Chartered Accountants

**কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ**
**কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার**
**তহবিল প্রবাহ বিবরণী**
**৩০শে জুন, ২০২৩ সমাপ্ত বছরের জন্য**

মোট পরিমান (টাকা)

| বিবরণ | নোট নম্বর | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|---|
| **তহবিলের আন্তঃপ্রবাহ** | | (৩,৮৩৬,৯৫৯) | ৩০,৩৩১,৪১৬ |
| পরিচালন তহবিল | | (৩,৮৩৬,৯৫৯) | ৩০,৩৩১,৪১৬ |
| অপরিচালন আয় | | - | - |
| **মোট তহবিলের আন্তঃপ্রবাহ** | | (৩,৮৩৬,৯৫৯) | ৩০,৩৩১,৪১৬ |
| | | | |
| **তহবিলের বহিঃপ্রবাহ** | | ৫৬১,৭২১ | ২৭,১৪৭,৬১২ |
| স্থায়ী সম্পতি ক্রয় | | ৫৬১,৭২১ | ২৭,৪৩২,২৪২ |
| চলতি বছরে বিক্রয়/নিস্পত্তি | | - | (২৮৪,৬৩০) |
| কার্যকরী মূলধন বৃদ্ধি/ (হ্রাস) | | (৪,৩৯৮,৬৮০) | ৩,১৮৩,৮০৪ |
| **মোট তহবিলের বহিঃপ্রবাহ** | | (৩,৮৩৬,৯৫৯) | ৩০,৩৩১,৪১৬ |

সদস্য ( প্রশাসন ও অর্থ )
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

চেয়ারম্যান
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

ঢালী তানভীর আহমেদ সিদ্দিকী, এফসিএ
পার্টনার
আহাম্মেদ হক সিদ্দিকী এন্ড কোং
চার্টার্ড একাউন্টেন্ট
ডিভিসি-২৪০৯০৪১৩৯১এস৯১২৭১১

তারিখ : জুন ২৪, ২০২৪
ঢাকা

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
## কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার
## প্রাপ্তি -প্রদান হিসাব
### ৩০ শে জুন, ২০২৩ সমাপ্ত বছরের জন্য

মোট পরিমান (টাকা)

| বিবরণ | নোট নম্বর | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|---|
| **প্রাপ্তি সমূহঃ** | | | |
| প্রারম্ভিক স্থিতি: (ব্যাংক জমা) | | ১৭২,৩৪৪,৫৪৪ | ৯৬,৯৫২,২৭৭ |
| সরকারী অনুদান প্রাপ্তি | ১২.০০ | ৪৪,৮৬৭,৬১৫ | ৬৫,৩৫৯,০২২ |
| নিরাপত্তা জামানত প্রাপ্তি | ১০.০০ | ৯০,৮৮৪,৬৯১ | - |
| অন্যান্য প্রাপ্তি | ১৩.০০ | ১৭,১৫৯,৯৪৯ | ৯৫,৩৮৮,৮৩৪ |
| মোট প্রাপ্তি | | ৩২৫,২৫৬,৭৯৯ | ২৫৭,৭০০,১৩৩ |
| **প্রদান সমূহঃ** | | | |
| বেতন | ১৪.০০ | ৫,৭২২,৮৮৬ | ৪,২৩২,৮০০ |
| ভাতা ব্যয় | ১৫.০০ | ৪,৮৬৭,৯৮৩ | ৩,৮৪৫,৫৫৬ |
| পণ্য ও সেবা সংক্রান্ত ব্যয় | ১৬.০০ | ৪০,৫১১,৫৮৮ | ৩৭,৯৫৮,৭০২ |
| ভৌত ও অবকাঠামোগত ব্যায় | ১৭.০০ | ১৩,৪৯২,৭৩৭ | - |
| কম্পিউটার | | | ২০০,০০০ |
| অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | | - | ৪৮,৫৯০ |
| ভাস্কর্য নির্মাণ ও স্মৃতিসৌধ | | - | ১৪,৪৩৪,১২৬ |
| ইলেকট্রিক সরঞ্জাম | | - | ১২,৭৪৯,৫২৬ |
| ডিএসএলআর ক্যামেরা | | | - |
| আসবাবপত্র ও অফিস সরঞ্জাম | | ৩৬৫,২২১ | - |
| কম্পিউটার সফটওয়্যার | | ১৯৬,৫০০ | - |
| সড়ক ও মহাসড়ক | | | - |
| সার্ভে ইক্যুপমেন্ট | | - | - |
| রোড রোলার | | - | - |
| স্পীড বোট | | - | - |
| নিরাপত্তা জামানত প্রদান | ১০.০০ | ৯৪,৯৫৬,১২৮ | - |
| অন্যান্য প্রদান | ১৮.০০ | ১,১১৮,৪৯৩ | ১১,৮৮৬,২৮৯ |
| মোট প্রদান | | ১৬১,২৩১,৫৩৫ | ৮৫,৩৫৫,৫৮৯ |
| নিজস্ব তহবিলের ব্যয়াতিরিক্ত প্রাপ্তি (তহবিলে স্থানান্তর) | | ১৬৪,০২৫,২৬৩ | ১৭২,৩৪৪,৫৪৪ |

Ahmmed Hoq Siddiqui & Co. ★ Chartered Accountants ★ AHS

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
## কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার

১. প্রতিষ্ঠা ঃ

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ সংসদ কর্তৃক ঘোষিত ৭নং আইন (১৩ই মার্চ,২০১৬) এবং রাষ্ট্রপতির সম্মতিক্রমে (তারিখ: ১৭ই আগষ্ট,২০১৬) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ হিসাবে রুপ লাভ করে।

১.১ ব্যবস্থাপনা পরিষদ ঃ

অত্র প্রতিষ্ঠানটি একটি ব্যবস্থাপনা পরিষদ দ্বারা পরিচালিত হইতেছে, পরিচালনা পরিষদের নামের তালিকা নিম্নে প্রদত্ত হইল ঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী | সময়কাল | ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | কমডোর মোহাম্মদ নুরুল আবছার (অবঃ) | চেয়ারম্যান | অদ্যাবধি | চেয়ারম্যান, কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার |
| ০২ | লে: কর্ণেল মোঃ খিজির খাঁন | সদস্য (প্রকৌশল) | ০১ জুলাই ২০২৩ পর্যন্ত | সদস্য, কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার |
| ০৩ | লে. কর্ণেল তাহসিন বিন আলম | সদস্য (প্রকৌশল)<br>সদস্য (প্রশাসন ও অর্থ) অতি: দায়িত্ব | অদ্যাবধি | সদস্য, কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার |
| ০৪ | আবু জাফর রাশেদ | সদস্য (প্রশাসন ও অর্থ) অতি: দায়িত | ২৫ জানুয়ারি ২০২৩ পর্যন্ত | সচিব, কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার |

১.২. রুপকল্প:

পরিকল্পিত ও আধুনিক পর্যটন নগরী গড়ার লক্ষ্যে অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রণ।

১.৩.অভিলক্ষ্য:

কক্সবাজারে ক্রমবর্ধমান চাহিদার আলোকে ও পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় অবকাঠামোগত উন্নয়ন, পরিকল্পিত নির্মাণ অনুমোদন ও নিয়ন্ত্রণের মাধ্যমে কক্সবাজারকে একটি টেকসই বিকশিত ও আধুনিক পর্যটন নগরী হিসেবে গড়ে তোলা।

১.৪.কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ গঠনের উদ্দেশ্য:

কক্সবাজার ও উহার সন্নিহিত এলাকা সমূহের সমন্বয়ে গঠিত একটি আধুনিক ও আকর্ষণীয় পর্যটন নগরী প্রতিষ্ঠা এবং এতদাঞ্চলকে সুপরিকল্পিতভাবে উন্নয়ন নিশ্চিতকল্পে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা লাভ করেছে।

১.৫. আর্থিক প্রতিবেদন নীতি:

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ আর্থিক প্রতিবেদনের প্রস্তুতের ক্ষেত্রে এফআরসি ( FRC) আইন অনুযায়ী পরিবর্তিত বকেয়া ভিত্তিতে ( মডিফাইড অ্যাকরুয়াল বেসিস ) প্রস্তুত করা হয়। যেখানে দীর্ঘমেয়াদী লেনদেন গুলি অ্যাকরুয়াল ভিত্তিতে এবং স্বল্প মেয়াদী লেনদেন গুলি নগদ ভিত্তিতে লিপিবদ্ধ করা হয়।

২. হিসাবের নীতিমালা ঃ

- হিসাব প্রনয়নের ক্ষেত্রে পরিবর্তিত বকেয়া ভিত্তি অনুসরন করা হইয়াছে।
- স্থায়ী সম্পত্তির জন্য ক্রমহ্রাসমান পদ্ধতিতে অবচয় ধার্য করা হইয়াছে।

২.১. নিম্নলিখিত বিবরনী সমূহ অত্র প্রতিবেদনের সঙ্গে সংযোগ করা হইল ঃ-

ক) আর্থিক অবস্থার বিবরণী (Statement of Financial Position) ৩০ শে জুন, ২০২৩ সমাপ্ত অর্থ বর্ষ ।

খ) আয়-ব্যয় হিসাব ( Income-Expenditure Accounts) ২০২২-২০২৩ সমাপ্ত অর্থ বর্ষ।

Ahmmed Hoq Siddiqui & Co. ★ Chartered Accountants ★ AHS

গ) প্রাপ্তি-প্রদান হিসাব( Receipts-Payment Accounts) ২০২২-২০২৩ সমাপ্ত অর্থ বর্ষ।
ঘ) নিরীক্ষা প্রতিবেদনের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন তালিকা ও নোট।

২.২. হিসাব কাল ঃ

সংযুক্ত আর্থিক বিবরনীটি জুলাই ০১, ২০২২ হতে জুন ৩০, ২০২৩ সময় কালের জন্য প্রস্তুতকৃত।

Ahmmed Hoq Siddiqui & Co. AHS Chartered Accountants

| | বিবরণ | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|---|
| ৩.০০ | **স্থায়ী সম্পত্তি** | | |
| | প্রারম্ভিক মূল্য | ১১৬,৩৩৭,৭২০ | ১০৫,৯৮২,৩০৯ |
| | যোগ: চলতি বছরে সংযোজন | ৫৬১,৭২১ | ২৭,৪৩২,২৪২ |
| | | ১১৬,৮৯৯,৪৪১ | ১৩৩,৪১৪,৫৫১ |
| | বাদ: চলতি বছরে বিক্রয়/নিষ্পত্তি | - | ২৮৪,৬৩০ |
| | বাদ: অবচয় | ১৪,৬৪৭,২৭১ | ১৬,৭৯২,২০১ |
| | অবচয়িত মূল্য | ১০২,২৫২,১৭০ | ১১৬,৩৩৭,৭২০ |
| ৪.০০ | **অনাদায়ী পাওনা (ব্যাংক সুদ/ মুনাফা)** | | |
| | প্রারম্ভিক মূল্য | ১৮২,৩৪১ | ২৪৩,৯০৪ |
| | যোগ: চলতি অনাদায়ী পাওনা (ব্যাংক সুদ/মুনাফা) | - | ১৮২,৩৪১ |
| | | ১৮২,৩৪১ | ৪২৬,২৪৫ |
| | বাদ: অনাদায়ী পাওনা আদায় | - | ২৪৩,৯০৪ |
| | সমাপনী স্থিতি | ১৮২,৩৪১ | ১৮২,৩৪১ |
| ৫.০০ | **প্রকল্প খাতে ঋণ প্রদান** | | |
| | প্রারম্ভিক জের | ২,১৭৪,৬৩০ | ৩,৪১৮,২৩৯ |
| | পূর্ববর্তী বছরের সমন্বয় | - | ১৫৭,৭০০ |
| | বহুতল অফিস ভবন নির্মাণ প্রকল্প | - | - |
| | পুকুর পুনর্বাসনসহ ভৌত সুযোগ সুবিধার উন্নয়ন প্রকল্প | - | - |
| | ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-০১ | ১৪৬,৩০০ | - |
| | হলিডেমোড়-বাজারঘাটা-লারপাড়া সড়ক উন্নয়ন প্রকল্প | - | - |
| | মহাপরিকল্পনা | - | ৪৩,৬৯৫ |
| | | ২,৩২০,৯৩০ | ৩,৬১৯,৬৩৪ |
| | বাদ: প্রকল্প খাত থেকে ঋণ ফেরত গ্রহণ: | | |
| | হলিডেমাড়ে-বাজারঘাটা-লারপাড়া সড়ক উন্নয়ন প্রকল্প থেকে | - | ১,৪৪৫,০০৪ |
| | ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-০১ | ১৪৬,৩০০ | - |
| | সমাপনী স্থিতি | ২,১৭৪,৬৩০ | ২,১৭৪,৬৩০ |
| ৬.০০ | **সাধারন নগদ তহবিল ও ব্যাংক জমার উদ্বৃত্ত** | | |
| | সোনালী ব্যাংক লি. (হিসাব নং- ০৯০৩৫৩৩০২০৭৯৭) | ২,৪১৯,৫০১ | ২,৪১৯,৫০১ |
| | সোনালী ব্যাংক লি. (হিসাব নং- ০৯০৩৫৩৩০২৪৭০৮) | - | - |
| | ব্রাক ব্যাংক লি.(হিসাব নং-১৪০১২০৪৫২৫২৮৯৭০০১) | - | ৩৮২,৯৭২ |
| | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি. (হিসাব নং-০৪৭১২২০০০৭০৫৯) | - | ১৫৭,০৫৮,০১৪ |
| | মার্কেন্টাল ব্যাংক লি. (হিসাব নং-১১২৪১১২৯৬২৮৪৫৯) | - | ৫,৫১৫ |
| | এন.আর.বি.সি ব্যাংক লি. (হিসাব নং-০১৮৩৩৩০০০০০০৮৫) | ১০২,৩১০ | ১০,৪৭৬,১১৫ |
| | ট্রাস্ট ব্যাংক লি. (হিসাব নং-০০৪৫-০২১০০০৫২২১) | ১৯,৩৯০ | ২,০০২,৪২৭ |
| | এন.আর.বি.সি ব্যাংক লি. (হিসাব নং-৫২১৫ ৩৬৪০০০০০০০২) | ৮,৩৫৩,১৩৬ | - |
| | মোট টাকা | ১০,৮৯৪,৩৩৭ | ১৭২,৩৪৪,৫৪৪ |

Ahmmed Hoq Siddiqui & Co. AHS Chartered Accountants

| | বিবরণ | | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|---|---|
| ৭.০০ | **নিরাপত্তা জামানতের বিপরিতে ব্যাংক জমার উদ্বৃত্ত** | | | |
| | এন.আর.বি.সি ব্যাংক লি. (হিসাব নং-৫২১৫ ৩৬৪০০০০০০০১) | | ১৫৩,১৩০,৯২৬ | - |
| | মোট টাকা | | ১৫৩,১৩০,৯২৬ | - |
| ৮.০০ | **নিজস্ব তহবিল** | | | |
| | মোট তহবিল | | ১৬৪,০২৫,২৬৩ | ১৭২,৩৪৪,৫৪৪ |
| | বাদ: বহি:দায় | | ৯৮৭,৯৪২ | ১,৪৫৯,০২৫ |
| | বাদ: জামানত (টেণ্ডার নিরাপত্তা জামানত) | | ১৪৯,১৬০,৬৩৬ | ১৫৩,২৩২,০৭৩ |
| | | | ১৩,৮৭৬,৬৮৬ | ১৭,৬৫৩,৪৪৬ |
| ৯.০০ | **বহি:দায়** | | | |
| | বকেয়া অডিট ফি | ৯.০১ | ১০০,০০০ | ১০০,০০০ |
| | অগ্রিম অফিস ভাড়া প্রাপ্তি | ৯.০২ | ৮৮৭,৯৪২ | ১,০০৯,০২৫ |
| | জেলাপরিষদ কে প্রদেয় | | - | ৩৫০,০০০ |
| | মোট টাকা | | ৯৮৭,৯৪২ | ১,৪৫৯,০২৫ |
| ৯.০১ | **বকেয়া অডিট ফি** | | | |
| | বিগত বছরের হিসাব অনুযায়ী | | ১০০,০০০ | ১০০,০০০ |
| | যোগ: চলতি বছরের বকেয়া | | ১০০,০০০ | ১০০,০০০ |
| | | | ২০০,০০০ | ২০০,০০০ |
| | বাদ: বিগত বছরের বকেয়া পরিশোধ | | ১০০,০০০ | ১০০,০০০ |
| | **মোট চলতি বছরের বকেয়া** | | ১০০,০০০ | ১০০,০০০ |
| ৯.০২ | **অগ্রিম অফিস ভাড়া প্রাপ্তি** | | | |
| | প্রারম্ভিক জের | | ১,০০৯,০২৫ | - |
| | যোগ : চলতি বছরের অগ্রিম | | - | ১,১৫৩,০৩২ |
| | | | ১,০০৯,০২৫ | ১,১৫৩,০৩২ |
| | বাদ: চলতি বছরের সমন্বয় | | ১২১,০৮৩ | ১৪৪,০০৮ |
| | **সমাপনী জের** | | ৮৮৭,৯৪২ | ১,০০৯,০২৫ |
| ১০.০০ | **জামানত (টেণ্ডার নিরাপত্তা জামানত)** | | | |
| | প্রারম্ভিক জের | | ১৫৩,২৩২,০৭৩ | ৮৩,৮৪৫,৫০৬ |
| | যোগ: জামানত গ্রহন | | ৯০,৮৮৪,৬৯১ | ৮০,৪৬৬,৫০০ |
| | বাদ: ফেরত | | ৯৪,৯৫৬,১২৮ | ১১,০৭৯,৯৩৩ |
| | **মোট টাকা** | | ১৪৯,১৬০,৬৩৬ | ১৫৩,২৩২,০৭৩ |
| ১১.০০ | **মুনাফা জাতীয় আয়** | | | |
| | বেতন | | ৫,৭২২,৮৮৬ | ৪,২৩২,৮০০ |
| | ভাতা ব্যয় | | ৪,৮৬৭,৯৮৩ | ৩,৮৪৫,৫৫৬ |
| | অন্যান্য পণ্য ও সেবা সংক্রান্ত ব্যয় | | ৪০,৫১১,৫৮৮ | ৩৭,৯৫৮,৭০২ |
| | ভৌত ও অবকাঠামোগত ব্যায় | | ১৩,৪৯২,৭৩৭ | - |
| | **মোট** | | ৬৪,৫৯৫,১৯৪ | ৪৬,০৩৭,০৫৮ |
| ১২.০০ | **সরকারী অনুদান** | | | |
| | সরকারী অনুদান | | ৫৬,৯০০,০০০ | ৭৫,৬৯৯,৮৫০ |
| | ব্যদ: সরকারী অনুদান ফেরত | | ১২,০৩২,৩৮৫ | ১০,৩৪০,৮২৮ |
| | বাদ: সরকারী কোষাগারে লভ্যাংশ প্রদান | | - | - |
| | **মোট অনুদান প্রাপ্তি** | | ৪৪,৮৬৭,৬১৫ | ৬৫,৩৫৯,০২২ |

Ahmmed Hoq Siddiqui & Co. AHS Chartered Accountants

| বিবরণ | | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|---|
| ১৩.০০ | অন্যান্য প্রাপ্তি | | |
| | ব্যাংক সুদ | ৪,৪৫৮,৫০১ | ২,৮৭৯,০৪০ |
| | ভূমি ব্যবহার ছাড়পত্র, নকশা অনুমোদন ও অন্যান্য ফি বাবদ প্রাপ্তি | ৭,৩৭২,০১৯ | ৫,৮৫৫,০৬৫ |
| | ঠিকাদার ও সরবরাহকীরর ( প্রকল্প ও পরিচালন) বিল হতে নিরাপত্তা জামানত | - | ৮০,৪৬৬,৫০০ |
| | প্রকল্প খাতে ঋণ | - | ১,৪৪৫,০০৪ |
| | অফিস ভাড়া আয় | ১,৯৩১,৪২৯ | ১,৬১৫,১১১ |
| | অগ্রিম অফিস ভাড়া প্রাপ্তি | - | ১,১৫৩,০৩২ |
| | নিয়োগ পরীক্ষার ফি | ৩,৩৩৩,০০০ | ৮৪৪,৮০০ |
| | অন্যান্য প্রাপ্তি | ৬৫,০০০ | ১,১৩০,২৮২ |
| | মোট | ১৭,১৫৯,৯৪৯ | ৯৫,৩৮৮,৮৩৪ |
| ১৪.০০ | বেতন | | |
| | কর্মকর্তাদের (অফিসারদের বেতন) | ৯০১,৩০৮ | ৩,৭৭০,৮০০ |
| | কর্মচারীদের বেতন | ৪,৮২১,৫৭৮ | ৪৬২,০০০ |
| | মোট | ৫,৭২২,৮৮৬ | ৪,২৩২,৮০০ |
| ১৫.০০ | ভাতা ব্যয় | | |
| | শিক্ষা ভাতা | ৭১০ | ৬,০০০ |
| | বাড়ি ভাড়া ভাতা | ২,৭০৯,৬৯৫ | ১,৯১৬,৫২২ |
| | চিকিৎসা ভাতা | ৩৭৫,০৬৩ | ২৮০,৫০০ |
| | মোবাইল/সেলফোন ভাতা | ৩৭,২৫৮ | ৪৮,০০০ |
| | আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা | ৪২,৮৮০ | ১৯,২০০ |
| | টিফিন ভাতা | ১৯,৭৩০ | ১২,০০০ |
| | উৎসব ভাতা | ১,২২১,০০০ | ১,০০৪,০০০ |
| | আপ্যায়ন ভাতা | ৬,৭৫৫ | ২৬,৭৬০ |
| | সম্মানী ভাতা | ২৮৮,২০০ | ৪১৮,৪০০ |
| | বাংলা নববর্ষ ভাতা | ১১৮,৭৮৪ | ৬৯,৬৫৪ |
| | অন্যান্য ভাতা | ৩৮,৯০৮ | ৩৭,৩২০ |
| | বিবিধ ভাতা | - | ৭,২০০ |
| | দায়িত্ব ভাতা | ৯,০০০ | - |
| | মোট | ৪,৮৬৭,৯৮৩ | ৩,৮৪৫,৫৫৬ |
| ১৬.০০ | পণ্য ও সেবা সংক্রান্ত ব্যয় | | |
| | পুরষ্কার ব্যয় | ১১৭,৭৭০ | ৬২,০৫৩ |
| | পরিষ্কার পরিচ্ছন্নতা | ১,০০০,০০০ | ৮৯২,১০১ |
| | আপ্যায়ন | ২৮০,৬২৮ | ৪২৮,৬২৮ |
| | হায়ারিং চার্জ | ৩,০০০,০০০ | ৩,৫৮৫,০০০ |
| | শ্রমিকের মজুরি ব্যয় | ৪৬০,২৫০ | ৩৯,০৫০ |
| | আইনগত ব্যয় | ৯৯৭,৮০৫ | ১,০৫২,৭৫০ |
| | সেমিনার ব্যয় | ২,০০০,০০০ | ৮২২,৪৩৫ |
| | বিদ্যুৎ বিল ব্যয় | ৩,৩৯৯,৭৫২ | ৩,৭২১,৬২১ |
| | ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স ব্যয় | ২০,৪৭৫ | ৪০,৯৫০ |
| | ডাক ও তার ব্যয় | ৯,৬০৮ | ১৯,২৯৪ |
| | টেলিফোন ব্যয় | - | ৩৭,৩৫৫ |
| | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | ৩,১৮৯,০১০ | ৩,০৯৯,২৯৩ |
| | প্রকাশনা | ৫০০,০০০ | ২৯৮,৫০০ |

Ahmmed Hoq Siddiqui & Co. ★ Chartered Accountants ★ AHS

| বিবরণ | ৩০ শে জুন, ২০২৩ | ৩০ শে জুন, ২০২২ |
|---|---|---|
| অফিস ভাড়া ব্যয় | ৭২৪,৫০০ | ১,২৪২,০০০ |
| কপি ও অনুলিপি ব্যয় | ২৫০,০০০ | ১৭৬,৩৭৬ |
| প্রশিক্ষণ | ৬০৭,২৪০ | ৩৭৬,৭৬০ |
| ভ্রমন ব্যয় | ৩,২৪৩,৬৫৬ | ১,৯৯৯,৯৮৪ |
| পেট্রোল ও লুব্রিক্যান্ট | ১,২৫৫,১৯৬ | ১,০৬২,৮১০ |
| মুদ্রণ ও বাধাই | ৫০,০০০ | - |
| সীল ও স্ট্যাম্প ব্যয় | ৫০,০০০ | - |
| ষ্টেশনারী ব্যয় | ৬৫০,০০০ | ১,২৪৪,৬৩৫ |
| ইউনির্ফম | ১৫০,০০০ | ৮৮,৯০০ |
| কলসালটেন্সি | ২,২৫৫,৭৫০ | ৫,৫৯৪,১০০ |
| অনুষ্ঠান/ উৎসবাদি | ১,২০০,০০০ | ১,২৩৯,৪৭২ |
| বাগান পরিচর্যা ব্যয় | ১৮৭,৫০০ | ১৯৮,৪৭১ |
| মোটরযান মেরামত ও সংরক্ষণ | ১৯৫,৬৩৫ | ২৯৯,৯১৪ |
| জলযান মেরামত ও সংরক্ষণ | ৭২,৭০০ | ২৮৪,১১৬ |
| মোটরযান রক্ষণাবেক্ষন ব্যয় | ৩৫০,০০০ | ৬০০,০০০ |
| আসবাবপত্র মেরামত ও সংরক্ষণ | ১০০,০০০ | ৭৪,৪০৩ |
| কম্পিউটার মেরামত ও সংরক্ষণ | ২৫০,০০০ | ২৯৯,৯৭৬ |
| বিবিধ সরঞ্জাম মেরামত | ৭৪৮,৯৬৬ | ২৪৫,০৯২ |
| হায়ারিং সিকিউরিটি সার্ভিস | ৬৪২,৭৮০ | ৬৪২,৭৮০ |
| ব্যাংক চার্জ | ২৩,০৬৩ | ৩৯৪,৯৩৪ |
| কম্পিউটার সামগ্রী ও আনুসাঙ্গিক ব্যয় | ৩৩৪,৫০৯ | ১২৪,৩৯৩ |
| অডিট ফি | ১০০,০০০ | ১০০,০০০ |
| রেজিষ্ট্রেশন ব্যয় | ৩৪,৩০৩ | - |
| বই পুস্তক ও সাময়িকী | ১৬৯,২৩৩ | ৪৯৫,০২৬ |
| নিয়োগ পরীক্ষার খরচ | ৫,৩১৭,৩৮৩ | ১,১৯৬,২৫০ |
| ইনোভেশন | ২৯৬,৭৪২ | ১৯৮,৭০০ |
| আউটর্সোসিং | ৪,১৫৭,৭৭১ | ৫,৬৮০,৫৮০ |
| বদলিজনিত ভ্রমন ব্যয় | ৫৩,১২০ | - |
| ট্যাক্স | ৫১০,০৬২ | - |
| প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি | ৯৯৭,৮০৫ | - |
| গ্যারেজ ভাড়া | ১৫,০০০ | - |
| সম্মানী ভাতা | ৩৬৩,৯০০ | - |
| উৎস কর প্রদান | ১৬১,৪৭৬ | - |
| আবগারী শুল্ক | ১৮,০০০ | - |
| | ৪০,৫১১,৫৮৮ | ৩৭,৯৫৮,৭০২ |
| বাদ : পূর্ববর্তী বছরের সমন্বয় | - | - |
| মোট ব্যয় | ৪০,৫১১,৫৮৮ | ৩৭,৯৫৮,৭০২ |

| | | | |
|---|---|---|---|
| ১৭.০০ | ভৌত ও অবকাঠামোগত ব্যয় | | |
| | স্মৃতিসৌধ | ৯,৯৯৭,৫৫০ | - |
| | ভবন মেরামত | ৩,৪৯৫,১৮৭ | - |
| | মোট ব্যয় | ১৩,৪৯২,৭৩৭ | - |
| ১৮.০০ | অন্যান্য প্রদান | | |
| | প্রকল্প খাতে ঋণ প্রদান | - | ৪৩,৬৯৫ |
| | জামানত ফেরত | - | ১০,৫৪৭,৮৮৩ |
| | অর্থ স্থানান্তর (জামানত ফেরত) | - | ৫৩২,০৫০ |
| | সরকারী কোষাগারে ভ্যাট জমা | ৪৭৭,৪২৫ | ৭৬২,৬৬১ |
| | নিলামের অর্থ ফেরত | ৩৫০,০০০ | - |
| | অন্যান্য | ২৯১,০৬৮ | - |
| | মোট অন্যান্য প্রদান | ১,১১৮,৪৯৩ | ১১,৮৮৬,২৮৯ |

Ahmmed Hoq Siddiqui & Co. ★ Chartered Accountants ★ AHS

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
## কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার
## স্থায়ী সম্পদ এর বিবরণ

মোট পরিমান (টাকা)

| ক্রমিক নং | বিবরন | ক্রয় মূল্য | | | | অবচয় হার | অবচয় | | | অবচয়িত মূল্য ৩০শে জুন,২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রারম্ভিক মূল্য | চলতি বছরে সংযোজন | চলতি বছরে বিক্রয়/নিষ্পত্তি | মোট মূল্য | | প্রারম্ভিক অবচয় | চলতি বছরের অবচয় | মোট অবচয় | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ = (৩+৪) | ৬ | ৭ | ৮ = ( ৫-৭)*৬ | ৯ = ৭+৮ | ১০ = ৫-৯ |
| ১ | মোটরসাইকেল | ১৭৭,০০০ | - | - | ১৭৭,০০০ | ১০% | ৭৭,৭০৯ | ৯,৯২৯ | ৮৭,৬৩৮ | ৮৯,৩৬২ |
| ২ | ফটোকপি মেশিন | ১১২,০০০ | - | - | ১১২,০০০ | ১৫% | ৬৬,০৩২ | ৬,৮৯৫ | ৭২,৯২৭ | ৩৯,০৭৩ |
| ৩ | এসি | ৭৫৭,৩১৯ | - | - | ৭৫৭,৩১৯ | ১০% | ৩২৭,৫৮৮ | ৪২,৯৭৩ | ৩৭০,৫৬১ | ৩৮৬,৭৫৮ |
| ৪ | যন্ত্রপাতি ও এক্সেভেটর গাড়ী | ৪৫,৪৯০,৮৩৩ | - | - | ৪৫,৪৯০,৮৩৩ | ১৫% | ২০,০১৭,০৪০ | ৩,৮২১,০৬৯ | ২৩,৮৩৮,১০৯ | ২১,৬৫২,৭২৪ |
| ৫ | ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর | ৬২৫,১৭০ | - | - | ৬২৫,১৭০ | ১৫% | ৩৬২,১২৭ | ৩৯,৪৫৬ | ৪০১,৫৮৪ | ২২৩,৫৮৬ |
| ৬ | সিসি ক্যামেরা | ২৮০,৪৮৪ | - | - | ২৮০,৪৮৪ | ১৫% | ১৬২,৮৬৪ | ১৭,৭০৩ | ১৮০,১৬৭ | ১০০,৩১৭ |
| ৭ | সাউন্ড সিস্টেম ও মাইক্রোফোন | ২২০,৮০০ | - | - | ২২০,৮০০ | ১৫% | ১৩০,১৭৮ | ১৩,৫৯৩ | ১৪৩,৭৭১ | ৭৭,০২৯ |
| ৮ | প্রিন্টার | ২২০,০২৮ | - | - | ২২০,০২৮ | ১৫% | ১২৯,৭২২ | ১৩,৫৪৬ | ১৪৩,২৬৮ | ৭৬,৭৬০ |
| ১০ | আসবাবপত্র ও অফিস সরঞ্জাম | ৩,৩৪০,৫৪৫ | ৩৬৫,২২১ | | ৩,৭০৫,৭৬৬ | ১০% | ১,৫০৬,৮২৬ | ২১৯,৮৯৪ | ১,৭২৬,৭২০ | ১,৯৭৯,০৪৬ |
| ১১ | কম্পিউটার | ১,৩১৮,৬৮০ | - | - | ১,৩১৮,৬৮০ | ১৫% | ৫৯২,৫৫৬ | ১০৮,৯১৩ | ৭০১,৪৬৯ | ৬১৭,১৯১ |
| ১২ | জেনারেটর | ৫৬১,২৫০ | - | - | ৫৬১,২৫০ | ১৫% | ৩১২,২২০ | ৩৭,৩৫৪ | ৩৪৯,৫৭৫ | ২১১,৬৭৫ |
| ১৩ | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১২,৫৮৭,৭৮১ | | - | ১২,৫৮৭,৭৮১ | ১৫% | ৩,৮১৬,৩২৯ | ১,৩০৯,৭১৮ | ৫,১২৬,০৪৬ | ৭,৪২১,৭৩৫ |
| ১৪ | মোটর গাড়ী | ৯,০৮৮,০০০ | - | - | ৯,০৮৮,০০০ | ১০% | ২,৯৫৩,৩৪২ | ৬১৩,৪৬৬ | ৩,৫৬৬,৮০৮ | ৫,৫২১,১৯২ |
| ১৫ | সড়ক ও মহাসড়ক | ৬,৯৮৭,১৭৯ | - | - | ৬,৯৮৭,১৭৯ | ১০% | ১,৭৯৩,৪৩৯ | ৫১৯,৩৭৪ | ২,৩১২,৮১৩ | ৪,৬৭৪,৩৬৬ |
| ১৬ | ভাস্কর্য নির্মাণ ও স্মৃতিসৌধ | ৫৫,০৮৬,৭৭২ | | - | ৫৫,০৮৬,৭৭২ | ১০% | ১১,৮৩০,১৪৭ | ৪,৩২৫,৬৬৩ | ১৬,১৫৫,৮০৯ | ৩৮,৯৩০,৯৬৩ |
| ১৭ | কম্পিউটার সফটওয়্যার | ৩৭১,০০০ | ১৯৬,৫০০ | - | ৫৬৭,৫০০ | ১০% | ১২৭,৫৮৭ | ৪৩,৯৯১ | ১৭১,৫৭৮ | ৩৯৫,৯২২ |
| ১৮ | ইলেকট্রিক সরঞ্জাম | ২৫,০৮৩,৭৫৮ | | - | ২৫,০৮৩,৭৫৮ | ১৫% | ৫,৩৩৭,৮২৭ | ২,৯৬১,৮৯০ | ৮,২৯৯,৭১৬ | ১৬,৭৮৪,০৪২ |
| ২১ | স্পীড বোট | ৪,০০০,০০০ | - | - | ৪,০০০,০০০ | ১৫% | ১,১১০,০০০ | ৪৩৩,৫০০ | ১,৫৪৩,৫০০ | ২,৪৫৬,৫০০ |
| ২২ | অন্যান্য | ১০৮,৪৮৩ | - | - | ১০৮,৪৮৩ | ১৫% | ৩০,১০৪ | ১১,৭৫৭ | ৪১,৮৬১ | ৬৬,৬২২ |
| ২৩ | স্ট্যান্ড ফ্যান | ৫,০৪০ | - | - | ৫,০৪০ | ১৫% | ২,৪০৯ | ৩৯৫ | ২,৮০৪ | ২,২৩৬ |
| ২৪ | প্লটার মেশিন | ৪৯৩,৫০০ | - | - | ৪৯৩,৫০০ | ১৫% | ২৩৫,৮৯০ | ৩৮,৬৪২ | ২৭৪,৫৩১ | ২১৮,৯৬৯ |
| ২৫ | এলইডি মবি সাইন | ৭৩৫,০০০ | - | - | ৭৩৫,০০০ | ১৫% | ৩৫১,৩২৫ | ৫৭,৫৫১ | ৪০৮,৮৭৭ | ৩২৬,১২৩ |
| | ৩০শে জুন, ২০২৩ তারিখের উদ্বৃত্ত | ১৬৭,৬১০,৫৮৪ | ৫৬১,৭২১ | - | ১৬৮,১৭২,৩০৩ | | ৫১,২৯২,৮৬২ | ১৪,৬৮৭,২৯১ | ৬৫,৯২০,১৫৩ | ১০২,২৫২,১৭০ |
| | ৩০শে জুন, ২০২২ তারিখের উদ্বৃত্ত | ১৪০,৪৬২,৯৭০ | ২৭,৪৩২,২৪২ | ২৮৪,৬৩০ | ১৬৭,৬১০,৫৮২ | | ৩৮,৪৮০,৬৬১ | ১৬,৭৯২,২০১ | ৫১,২৯২,৮৬২ | ১১৬,৩১৭,৭২০ |

Ahmmed Hoq Siddiqui & Co. ★ Chartered Accountants ★ AHS